# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/প্রশাঃ/...৮২০২৮(৮) তারিখ ঃ ২৭/০৯/২০২১ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, প্রতারণামূলকভাবে অজানা নম্বর থেকে অজ্ঞাত ব্যক্তি ফোন করে শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীর পরিচয় দিয়ে বিকাশ, রকেট, নগদ অথবা অন্য কোন মাধ্যমে টাকা পাঠানোর জন্য বলছে মর্মে কোন কোন প্রতিষ্ঠান থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পুনরায় জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের কোন সেবার জন্য "সোনালী সেবা/ব্যাংক ড্রাফট্" ছাড়া নগদ, বিকাশ, রকেট বা অন্য কোন মাধ্যমে টাকা জমা নেয়া হয়না। এজন্য শিক্ষা বোর্ড থেকে কোন কর্মকর্তা বা কর্মচারী কখনও নগদ, বিকাশ অথবা অন্য কোন মাধ্যমে টাকা পাঠানোর জন্য ফোন করে না। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সচেতন থাকা প্রয়োজন। কোন ব্যক্তি অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তা বা কর্মচারী হিসেবে পরিচয়পত্র বা যোগদানপত্র প্রদর্শন করলেও হাতে হাতে কোন অর্থ প্রদান করবেন না। কেউ এ ধরণের প্রতারণামূলক ফোন করে বা অন্য কোন মাধ্যমে টাকা চাইলে সঙ্গে সঙ্গে আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২৭/০৯/২১

প্রফেসর মোঃ জহির উদ্দিন<br>
সচিব<br>
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড<br>
দিনাজপুর।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন<br>
সকল শিক্ষা প্রতিষ্ঠান,<br>
শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

**অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।<br>
০২। অফিস কপি।

\\192.168.111.220\file\440.doc>>>308